
# এসাসিনস ক্রিড ৩

দুর্দান্ত সেই ঐতিহাসিক অ্যাকশন-অ্যাডভেঞ্চারভিত্তিক গেম এসাসিনস ক্রিডের কথা ভুলে যাননি তো? গেমের জগতে নতুন এক অধ্যায়ের সূচনাকারী এ গেমটি ভুলে যাওয়ার নয়। যদিও গেম সিরিজটি শেষ হয়ে যাওয়ার কথা ছিল এ সিরিজের তৃতীয় গেম এসাসিনস ক্রিড ব্রাদারহুডের মাধ্যমে। কিন্তু গেমের জনপ্রিয়তা গেমটিকে হারিয়ে যেতে দেয়নি। ব্রাদারহুডের পরে বের হয়েছিল রেভ্যুলেশন। রেভ্যুলেশনে পুরো গেমটির কাহিনী সম্পর্কে বেশ ভালো ধারণা দেয়া হয়েছে। এ গেমটি এতাই জনপ্রিয় হয়েছে যে গেমটির কাহিনী আরো সহজ করে দেয়ার জন্য এবং গেমের প্রমোশনের জন্য বের করা হয়েছিল একটি এসাসিনস ক্রিড লিনিয়েজ নামের শর্ট ফিল্ম। পরে গেমের কাহিনীর ধারাবাহিকতায় বের হয়েছে দুটি এনিমেশন ফিল্ম, যার একটি হচ্ছে আসেন্ডেন্স ও অপরটি হচ্ছে এম্বারস। নতুন গেম এসাসিনস ক্রিড ৩-এ আনা হয়েছে নতুন এক চরিত্র, যার নাম রাদোনহাগাইদন। এবারের গেমের পটভূমি হচ্ছে ১৭৫৩ থেকে ১৯৮৩ সালের আমেরিকার রেভ্যুলেশনের সময়কাল। গেমের নায়ক রাদোনহাগাইদন যার ছদ্মনাম কন্নর, একজন আধা ইংরেজ ও আধা মোহাক। গেমটি ডেভেলপ করেছে ইউবিসফট মনট্রেয়াল, যা পাবলিশ হয়েছে ইউবিসফটের ছত্রছায়ায়। গেমটি বানাতে ব্যবহার করা হয়েছে অ্যানভিল নেক্সট নামে আরো উন্নত গেম ইঞ্জিন, যা গেমটির গ্রাফিক্সে এনে দিয়েছে নতুন মাত্রা। আগের গেমগুলো বানাতে ব্যবহার করা হয়েছিল অ্যানভিল নামের গেম ইঞ্জিন।




এসাসিনস ক্রিড সিরিজের গেমগুলো প্রধান কিছু গেমিং কনসোল প্লেস্টেশন, এক্সবক্স, উইই এবং অপারেটিং সিস্টেম মাইক্রোসফট উইন্ডোজের জন্য বের করা হয়ে থাকে। কিছু কাহিনী এবং গেম প্লের কিছুটা রদবদল করে মোবাইল গেম এবং অন্যান্য মাঝারিমানের গেমিং কনসোলের জন্যও বের হয়ে থাকে। মূল গেমের সিরিজের ক্রম হচ্ছে এসাসিনস ক্রিড, এসাসিনস ক্রিড ২, ব্রাদারহুড, রেভ্যুলেশনস ও এসাসিনস ক্রিড ৩। মোবাইল গেমিং কনসোলের জন্য বের হয়েছে আরো কয়েকটি গেম। এগুলো হচ্ছে– এসাসিনস ক্রিড অলতেয়ারস ক্রনিকেলস, এসাসিনস ক্রিড ব্লাডলাইনস, এসাসিনস ক্রিড ২ ডিসকভারি, এসাসিনস ক্রিড ৩ লিবারেশন। এসাসিনস ক্রিড ৩ লিবারেশন গেমটি এসাসিনস ক্রিড ৩ গেমটির সাথেই মুক্তি পেয়েছে, কিন্তু গেম দুটির কাহিনীতে রয়েছে অনেক ফারাক। এসাসিনস ক্রিড ৩ গেমের নায়ক ইংরেজ বাবা ও মোহাক (আদিবাসী) মায়ের ছেলে রাদোনহাগাইদন যে কি না বিচরণ করে বেড়াবে কলোনিয়াল আমেরিকায় ১৯৫৩ থেকে ১৯৮৩ সালের মধ্যে। কিন্তু লিবারেশন গেমটিতে এসাসিন হিসেবে আনা হয়েছে প্রথম প্রধান নারী চরিত্র যার নাম অ্যাভেলিন ডে গ্রান্ডপ্রে। আধা আফ্রিকান ও আধা ফ্রেঞ্চ নায়িকা অ্যাভেলিনকে নিয়ে ১৯৬৫ থেকে ১৯৮০ সালে সংঘটিত হওয়া ফ্রান্স ও ভারতের যুদ্ধের সময়ে খেলতে হবে।

যারা গেম সিরিজটি খেলেননি তাদের জন্য নতুন গেমটির কাহিনী বোঝা বেশ দুরূহ ব্যাপার। গেমের কাহিনী এমনিতেই বেশ জটিল এবং তা ধারাবাহিক কাহিনী। তাই মাঝখান থেকে গেম সিরিজটি শুরু করে গেমের আসল স্বাদ উপভোগ করা যাবে না। যারা নতুন এ সিরিজের গেমের সাথে পরিচিত নন, তাদের জন্য খুব সংক্ষেপে গেমের কাহিনী তুলে ধরা হলো। এসাসিনস ক্রিডের মূল নায়ক ডেসমন্ড মাইলস নামে এক বারটেন্ডার যে কি না বহু পুরনো আততায়ী গোষ্ঠীর ৭২তম বংশধর, যার ধারা শুরু হয়েছিল অলতেয়ার ও মারিয়ার মাধ্যমে। তার জিনে রয়েছে সেই আততায়ীদের বহু অজানা ইতিহাস। পিস অব ইডেন নামের এক আর্টিফ্যাক্ট ধারণ করে আছে অকল্পনীয় শক্তি, যার লোভে যুগ যুগ ধরে টেম্পলাররা তা খুঁজে বেড়াচ্ছে। এসাসিন বা আততায়ী গোষ্ঠী শত বছর ধরে পিস অব ইডেনকে সুরক্ষিত রেখেছে। ডেসমন্ডের স্মৃতির আবডালে লুকিয়ে আছে পিস অব ইডেনের সন্ধান, তাই তাকে এনিমাস নামে এক মেশিনে রেখে তার জিন থেকে পুরনো কাহিনীগুলো ঘেঁটে দেখে পিস অব ইডেনের সন্ধান চায় টেম্পলাররা। প্রথম গেমে ডেসমন্ড এনিমাস মেশিনের সাহায্যে জেরুজালেম, আক্রা ও দামাস্কাসে বিচরণ করে বেড়ায় তার পূর্বপুরুষ অলতেয়ার ইবনে লা-আহাদের বেশে। কিন্তু গেমের শেষে সে বুঝতে পারে তাকে খারাপ কাজে ব্যবহার করা হচ্ছে। তাই দ্বিতীয় পর্বের প্রথমে দেখানো হয় সে টেম্পলারদের ল্যাব থেকে পালিয়ে যেতে সক্ষম হয়। এসাসিনদের বানানো আরো উন্নত আরেকটি এনিমাস মেশিন দিয়ে জেনেটিক মেমরির সাহায্যে তার আরেক পূর্বপুরুষের কথা মনে করতে পারবে। এতে ডেসমন্ড পঞ্চদশ শতাব্দীর রেনেসাঁ যুগের ইতালির উচ্চবংশীয় ইজিও ওদিতোরে দ্য ফিরেঞ্জে নামে এক আততায়ীকে তার মেমরির সাহায্যে নিয়ন্ত্রণ করবে। এক বিশ্বাসঘাতক শত্রুর চক্রান্তে বাবা ও ভাইকে হারানোর পর ইজিও প্রতিশোধের নেশায় বেছে নেয় এ পথ। তাকে নিয়ে গেমারকে বিচরণ করতে হবে ইতালির বিভিন্ন স্থানে। দ্বিতীয় গেমের কাহিনীর সমাপ্তি টানা হয় তৃতীয় গেম ব্রাদারহুডে। চতুর্থ গেমে আগের তিনটি গেমের খেলার সময় গেমারদের মনের মাঝে যেসব প্রশ্ন উঁকি দিচ্ছিল তার উত্তর দেয়া হয়েছে। নতুন গেমে নিয়ে আসা হয়েছে ডেসমন্ডের বাবাকে।


আগের গেমগুলোর মতো এবারের গেমটির ধরন রাখা হয়েছে ওপেন ওয়ার্ল্ড ও ননলিনিয়ারভিত্তিক। এতে বাধাধরা কোনো নিয়ম ও নির্দিষ্ট সময় নেই মিশন শেষ করার। তাই প্লেয়ারকে নিয়ে স্বাধীনভাবে বিচরণ করা যাবে বোস্টন, হোমস্টেড, ফ্রন্টিয়ার, নিউইয়র্ক ও আরো কিছু স্থানে। এ গেমের মজা হচ্ছে যে প্রথমে রাদোনহাগাইদনের বাবা হাইথেমকে নিয়ে খেলা শুরু করতে হবে। এরপর কিশোর রাদোনহাগাইদনকে নিয়ে খেলতে হবে। পরে রাদোনহাগাইদন এসাসিন হওয়ার দীক্ষা লাভ করবে একিলিস নামে আরেক বৃদ্ধ এসাসিনের কাছে এবং হয়ে উঠবে সে সময়কার সেরা এসাসিন। গেমে জাহাজ নিয়ে খেলা যাবে এবং অ্যাকিলা নামে জাহাজের ক্যাপ্টেন হিসেবে রাদোনহাগাইদনকে অনেকগুলো মিশন সম্পন্ন করতে হবে। গেমের বিশেষ আকর্ষণের মধ্যে রয়েছে ক্যাপ্টেন কিডের গুপ্তধন উদ্ধারের অভিযান, আমেরিকার প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটনকে গুপ্তহত্যার হাত থেকে রক্ষা করার অভিযান, বেশ কয়েকটি বিশাল ফোর্ট একা দখল করার অভিযান ইত্যাদি। গেমের মূল মিশনের বাইরে অনেক মিশন রাখা হয়েছে, যা খেলতে বেশ ভালো লাগবে। নানা ধরনের অস্ত্র ও গোলাবারুদ দেয়া হয়েছে এ গেমে। অসাধারণ এ গেম সিরিজ খেলে না থাকলে দেরি না করে দ্রুত সংগ্রহ করে খেলা শুরু করে দিন এক ঐতিহাসিক অভিযান।

**সিস্টেম রিকোয়ারমেন্ট**

**প্রসেসর :** ইন্টেল কোর টু ডুয়ো ২.৬৬ গিগাহার্টজ বা এএমডি এথলন এক্সটু ৫২০০+। **র‌্যাম :** ২ গিগাবাইট। **গ্রাফিক্স কার্ড :** এনভিডিয়া জিফোর্স ৮৬০০ জিটি বা এটিআই রাডেওন এইচডি ৩৮৭০। **হার্ডডিস্ক স্পেস :** ১৭ গিগাবাইট কজ

# কল অব ডিউটি

ফার্স্ট পারসন শুটার গেমের মধ্যে কল অব ডিউটি সিরিজের নাম আসে সবার প্রথমে। দুর্দান্ত অ্যাকশন ও অ্যাডভেঞ্চারে ভরা এ সিরিজের গেমগুলো শুটিং গেমভক্তদের কাছে বেশ জনপ্রিয়। এ পর্যন্ত অনেকগুলো কোম্পানির হাতে গেম সিরিজটির বিভিন্ন পর্ব ডেভেলপ হয়েছে। তাই এক গেম থেকে আরেক গেমের বেশ কিছু পার্থক্য থাকে। কল অব ডিউটি সিরিজের গেমগুলো ডেভেলপ করা কোম্পানিগুলোর মধ্যে রয়েছে– ইনফিনিটি ওয়ার্ড, ট্রেয়ার্চ, স্লেজহ্যামার



গেমস, র‌্যাভেন সফটওয়্যার, গ্রে ম্যাটার ইন্টার-অ্যাক্টিভ, পাই স্টুডিওস, স্পার্ক আনলিমিটেড, অ্যামেজ এন্টারটেইনমেন্ট, রেবেলিওন ডেভেলপমেন্টস ও আইডিয়াওয়ার্কস গেম স্টুডিও। কল অব ডিউটি গেম সিরিজের যাত্রা শুরু ২০০৩ সালে কল অব ডিউটি গেমের মাধ্যমে। গেমটির তিনটি সাব-সিরিজ রয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কাহিনীর ওপরে নির্মিত গেম সিরিজটির সাব-সিরিজের গেম ও এক্সপানশনগুলো হচ্ছে– কল অব ডিউটি (ইউনাইটেড অফেনসিভ, ফাইনেস্ট আওয়ার), কল অব ডিউটি ২ (বিগ রেড ওয়ান) এবং কল অব ডিউটি ৩ (রোডস টু ভিক্টরি)। গেমটির দ্বিতীয় সাব-সিরিজ বা মর্ডান ওয়ারফেয়ারের পর্ব বের হয়েছে তিনটি। তৃতীয় সাব-সিরিজ বা ব্ল্যাক অপস সিরিজের গেম ও এক্সপানশনগুলো হচ্ছে– ওয়ার্ল্ড অ্যাট ওয়ার (ফাইনাল ফ্রন্টস, জম্বিস), ব্ল্যাক অপস এবং ব্ল্যাক অপস ২।


বেশ কিছুদিন আগে বের হয়েছিল কল অব ডিউটি মর্ডান ওয়ারফেয়ার ৩ গেমটি, যা মুক্তি পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের বাজারে গেমটির ৬.৫ মিলিয়ন কপি বিক্রি হয়েছে, যার মূল্যমান প্রায় ৪০০ মিলিয়ন মার্কিন ডলার। কিন্তু নতুন বের হওয়া গেম ব্ল্যাক অপস ২ গেমটি আগের গেমের বিক্রির রেকর্ড ভেঙে ফেলেছে। গেমটি বাজারে আসার ২৪ ঘণ্টায় আয় করেছে ৫০০ মিলিয়ন মার্কিন ডলার। কল অব ডিউটি সিরিজের নবম গেম ব্ল্যাক অপস ২ স্টার ওয়ারস ও হ্যারি পটারের মতো জনপ্রিয় সিরিজকে হার মানিয়ে এখন বিক্রির রেকর্ডে শীর্ষে অবস্থান করছে। আগের ব্ল্যাক অপস গেমটিও প্রথম দিনে আয় করেছিল ৩৬০ মিলিয়নের বেশি। এ সিরিজের গেম বরাবরের মতোই সবার কাছে বেশ পছন্দের। এবারের গেমটি ডেভেলপ করেছে ট্রেয়ার্চ নামের প্রতিষ্ঠান এবং গেমটির মূল পাবলিশার অ্যাকটিভিশন, তবে জাপানে পাবলিশ করেছে স্কয়ার ইনিক্স। গেমটি বানাতে ব্যবহার করা হয়েছে ব্ল্যাক অপস টু নামের গেম ইঞ্জিন। গেমটির ভালো দিকের মধ্যে রয়েছে রোমহর্ষক গেমপ্লে, দুর্দান্ত অ্যাকশন, প্রাণবন্ত গ্রাফিক্স ও শব্দশৈলী এবং বেশ কয়েকটি মাল্টিপ্লেয়ার মোডের উপস্থিতি। সিঙ্গেল প্লেয়ার মোডে খেলার সময় কাহিনী বোঝার জটিলতা নতুন গেমারের জন্য বিরক্তির কারণ হতে পারে, তবে আগের গেম খেলে থাকলে সমস্যা হবে না। তবে যাই বলা হোক না কেনো, ফার্স্ট পারসন শুটিং গেমারদের প্রথম পছন্দের গেম হিসেবে এটি এখনো স্থান দখল করে আছে।

**সিস্টেম রিকোয়ারমেন্ট**

**প্রসেসর :** ইন্টেল সেলেরন ডুয়াল কোর ১.৬ গিগাহার্টজ। **র‌্যাম :** ২ গিগাবাইট। **গ্রাফিক্স কার্ড :** এনভিডিয়া জিফোর্স জিটি ৪৩০ বা এটিআই রাডেওন এইচডি ৪৬৫০। **হার্ডডিস্ক স্পেস :** ১০ গিগাবাইট।

# মেডেল অব অনার ওয়ারফাইটার

ফার্স্ট পারসন শুটিং গেম জগতে আরেকটি অবিস্মরনীয় নাম হচ্ছে মেডেল অব অনার। এ গেম সিরিজের যাত্রা শুরু হয়েছে ১৯৯৯ সালে যা কি না কল অব ডিউটি সিরিজের গেমের ৪ বছর আগে। বেশ কিছু কারণে জনপ্রিয়তার দৌড়ে এ গেম সিরিজটি কল অব ডিউটি সিরিজের চেয়ে কিছুটা পিছিয়ে পড়েছে বটে, কিন্তু এ সিরিজের গেমগুলোও বেশ চমৎকার। ইলেক্ট্রনিক আর্টসের নামকরা এ গেম সিরিজের পটভূমি হচ্ছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ। ২০১০ সালে ইএ লস অ্যাঞ্জেলেস শাখার উপশাখা ডেঞ্জার ক্লোজ নামে নতুন এক গেম ডেভেলপার প্রতিষ্ঠান গেমটিকে নতুন করে বের করছে। বিশ্বযুদ্ধের ধারাবাহিকতা বাদ দিয়ে নতুন যুগের যুদ্ধ নিয়ে সিরিজটিতে নতুন এক পটভূমি সূচনা করে তাদের বানানো প্রথম গেম বাজারে ছাড়ে, যার নাম ছিল মেডেল অব অনার। আফগানিস্তানের বিরুদ্ধে লড়াই করার কারণে গেমটি বেশ সমালোচনার মুখে পড়েছিল। আগের গেমটি বানানোর সময় আল কায়দা নেতা ওসামা বিন লাদেনকে হত্যার অভিযানে যাওয়া নেভি সিল বাহিনীর সাত সদস্যের সাহায্য নেয়া হয়েছিল। এ কারণে সেই বাহিনীর সদস্যদের বিরুদ্ধে গোপন তথ্য ফাঁস করার অপরাধে মামলা করা হয়েছে এবং শাস্তি হিসেবে




বেতনের অর্ধেক কেটে নেয়া হয়েছে। নতুন বের হওয়া গেমটির নাম রাখা হয়েছে ওয়ারফাইটার। গেমটি বানাতে ব্যবহার করা হয়েছে ফ্রস্টবাইট ২ নামে গেম ইঞ্জিন। নতুন গেমের প্রেক্ষাপট রচনা করা হয়েছে পাকিস্তানের করাচিতে। আগের গেমের ইউএস নেভি সিল বাহিনীর সদস্যদের নিয়ে গঠন করা হয়েছে নতুন মাকো নামে টাস্কফোর্স। এ বাহিনী নিয়েই খেলতে হবে এবারের মিশন। গেমের চরিত্রগুলো হচ্ছে স্টাম্প নামে এক রেকুন মেরিন এবং প্রেচার নামে মেডেল অব অনার সিরিজের পুরনো চরিত্র। আগের গেমের মাল্টিপ্লেয়ার মোড ডেভেলপ করেছিল ইএ ডিজিটাল ইল্যুশন সিই কিন্তু এবার মাল্টিপ্লেয়ার মোডের কাজ করেছে ডেঞ্জার ক্লোজ গেমস। মাল্টিপ্ল্যার মোডে ১২টি টিয়ারে ভাগ করা বিভিন্ন জাতির টিম নিয়ে খেলা যাবে। এগুলোর মধ্যে রয়েছে– অস্ট্রেলিয়া, কানাডা, জার্মানি, নরওয়ে, পোল্যান্ড, রাশিয়া, দক্ষিণ কোরিয়া, সুইডেন, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।

গেমে নতুন কিছু বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে এয়ার স্ট্রাইক। স্ট্রাইকের পর পুরো এলাকা ধুলায় আচ্ছন্ন হওয়ার ব্যাপারটি বেশ বাস্তবসম্মত। গেমে বিস্ফোরণ এবং খেলার টেকনিক বেশ প্রাণবন্ত করে তোলা হয়েছে। গেমের গ্রাফিক্সের মান আগের তুলনায় আরো ভালো করে তোলা হয়েছে এবং শব্দশৈলীও হয়েছে চমৎকার। মাল্টিপ্লেয়ার মোডে খেলার জন্য ইন্টারনেট কানেকশন স্পিড ৫১২ কিলোবিট/সেকেন্ড হতে হবে।

**সিস্টেম রিকোয়ারমেন্ট**

**প্রসেসর :** ইন্টেল ডুয়াল কোর ২ গিগাহার্টজ বা এএমডি এথলন ৬৪ এক্সটু ৪০০০+। **র‌্যাম :** ২ গিগাবাইট। **গ্রাফিক্স কার্ড :** এনভিডিয়া জিফোর্স ৮৮০০ জিএস বা এটিআই রাডেওন এইচডি ৩৮০০ সিরিজ। **হার্ডডিস্ক স্পেস :** ২০ গিগাবাইট।

## এজ অব এম্পায়ার ৩ এশিয়ান ডাইনেস্টি চিটকোড

গেম চলাকালীন এন্টার কী চেপে নিচের কোডগুলো প্রয়োগ করুন।

| Result | Code |
|---|---|
| Fatten animals on map 100% of herdables are obese | - A recent study indicated that |
| 10,000 coin | - Give me liberty or give me coin |
| 10,000 food | - Medium Rare Please |
| 10,000 wood | - [censored] |
| 10,000 experience points | - Nova & Orion |
| Disable fog of war | - X marks the spot |
| Win single player mission | - this is too hard |
| "Musketeer'ed!" when killed by Musketeers | - Sooo Good |
| 100x gather/build rates | - speed always wins |
| Spawns Mediocre Bombard at Home City | - Ya gotta make do with what ya got |
| Spawn big red monster | - tuck tuck tuck |
| George Crushington | - Where's that axe? |
| Destroys all the enemy boats on the map | - Shiver me Timpers! |
| Get 10,000 wood | - [nature is cured] |
| Generate exports and 10000 resources | - a whole lot of love |

## এয়ার কনফ্লিক্টস সিক্রেট ওয়ারস চিটকোড

গেমে নিম্নলিখিত টাস্কগুলো সম্পন্ন করতে হবে অ্যাচিভমেন্টগুলো অর্জন করার জন্য।

| Achievement | Description |
|---|---|
| Ace-of-Aces | - Kill 100 players in multiplayer. |
| All missions | - Complete every mission. |
| Bird Collector | - Unlock all planes in single player campaign. |
| Blue Max | - Kill 5 players in multiplayer without dying15. |
| Bomber Ace | - Destroy 100 ground units in campaign game. |
| Bullseye | - Perform long range Rocket Kill in Multiplayer. |
| Fall Blau | - Complete Chapter II. |
| Fighter Ace | - Shoot down 100 aircraft in Campaign Game. |
| Good Show | - Place in top half in Deathmatch with at least 6 players. |
| Operation Belt | - Complete Chapter IV. |
| Operation Black | - Complete Chapter III. |
| RAF Officer | - Win 5 multiplayer matches with RAF team. |
| Red Baron | - Kill 10 players in multiplayer without dying. |
| Rocket Sniper | - Perform extra long range Rocket Kill in Multiplayer. |
| Siege of Tobruk | - Complete Chapter I. |
| Slovak Uprising | - Complete Chapter VI. |
| Tally Ho! | - Play 50 multiplayer matches. |

## অ্যাংরি বার্ডস চিটকোড

নিচের টাস্কগুলো সম্পন্ন করার ফলে বোনাস গোল্ডেন এগ লেভেল আনলক করা যাবে।

| | |
|---|---|
| Angry Birds Addict | - Play Angry Birds for 30 hours. |
| Angry Birds Fan | - Play Angry Birds for 5 hours. |
| Bird Slinger | - Shoot 5,000 birds. |
| Block Smasher | - Smash 50,000 blocks. |
| Defeat The King | - Finish World 3. |
| Egg Cracker | - Get 10 golden egg stars. |
| Egg Hunter | - Find 10 golden eggs. |
| Episode 1-Score Addict Episode 1 | - Get 4,000,000 points. |
| Episode 1-Total Destruction Episode 1 | - Get three stars in all levels. |
| Episode 2-Score Addict Episode 2 | - Get 3,300,000 points. |
| Episode 2-Total Destruction Episode 2 | - Get three stars in all levels. |
| Episode 3-Score Addict Episode 3 | - Get 4,800,000 points. |
| Episode 3-Total Destruction Episode 3 | - Get three stars in all levels. |
| Episode 4-Score Addict Episode 4 | - Get 3,900,000 points. |
| Episode 4-Total Destruction Episode 4 | - Get three stars in all levels. |
| Green Baron | - Finish World 8. |
| Hardhat Hidalgo | - Finish World 9. |
| Herr Helmet | - Finish World 1. |
| Hovering Helmet | - Finish World 6. |
| Icepicker | - Smash 5,000 ice blocks. |
| Mason Moustache | - Finish World 10. |
| Mounting Moustache | - Finish World 7. |
| Mr. Moustache | - FInish World 2. |
| Pig Popper | - Smash 1,000 pigs. |
| Royal Ringleader | - Finish World 11. |
| Smash Maniac | - Smash 500,000 blocks. |
| Star Collector | - Get 750 Stars. |
| Star Gatherer | - Get 1500 Stars. |
| Stonecutter | - Smash 5,000 stone blocks. |
| The Imposter | - Finish World 4. |
| The Mysterious | - Escape Finish World 5. |
| True Angry Birds Fan | - Play Angry Birds for 15 hours. |
| Woodpecker | - Smash 5,000 wooden blocks. |

## অ্যাস্টেরিক্স অ্যান্ড ওবেলিক্স টেক অন সিজার চিটকোড

| Level | Location | Password |
|---|---|---|
| 3 | - London | - Dog, Girl, Wizard, Asterix |
| 5 | - The Swiss Frontier | - Asterix, Obelix, Dog, Wizard |
| 7 | - The Mountains | - Dog, Chief, Girl, Wizard |
| 9 | - Piraeus | - Girl, Chief, Obelix, Dog |
| 11 | - Olympia | - Girl, Dog, Chief, Wizard |
| 13 | - The Desert | - Dog, Girl, Wizard, Chief |
| 15 | - The Desert Camp | - Asterix, Obelix, Dog, Chief |
| 17 | - The Pirate Ship | - Girl, Asterix, Dog, Obelix |
| 19 | - The Roman Camp | - Girl, Chief, Dog, Obelix |

## অ্যাভাটার লিজেন্ড অব দ্য এরেনা চিটকোড

ক্যারেক্টার স্ক্রিনে সিক্রেট কোড বাটনে ক্লিক করে নিচের কোডগুলো ইনপুট করতে হবে।

| Code | Result |
|---|---|
| seventh chakra | - unlocks aang. |
| painted lady | - unlocks katara. |
| metal bender | - unlocks toph. |
| breath of fire | - unlocks zuko. |
| western air temple | - receive 500 gold. |
| boomerang | - receive 500 gold. |
| mai | - receive 500 gold. |
| metal bending | - unlocks Toph. |
| painted lady | - unlocks Katara. |
| Gondola | - to unlock 500 gold. |
| Dragon | - to unlock 500 gold. |
| aang | - seventh air temple |
| lullaby | - 10000000000 money |

## বিজুয়েল্ড ২ ডিলাক্স

গেম চলাকালীন নিচের কোডগুলো প্রয়োগ করতে হবে। চিট ডিজ্যাবল করার জন্য পুনরায় তা টাইপ করতে হবে।

| Effect | Code |
|---|---|
| Toggle border display | - noframe |
| Original Bejeweled gems | - oldskool |
| Winter background | - xmas |
| Space background | - starfield |
| Colorless gems | - blackandwhite |
| Green mode | - greenscreen |
| Slow motion | - slomo |
| Amber mode | - amberscreen |
| Normal colors | - normal |
| Gems switch colors | - colorswap |
| Matrix style background | - network |
| Wavy background | - nausea |

## বিগ বিজ টাইকুন চিটকোড

গেম খেলার সময় এন্টার চেপে সিএমডি লিখে এন্টার করে চিট কনসোল এনাবল করে নিচের কোডগুলো দিতে হবে।

| Result | Code |
|---|---|
| Repair all objects in office | - repair |
| Complete level | - mission ok |
| Fail level | - mission cancel |
| Spawn beggar (in some levels) | - beggar enter |
| Spawn banker (in some levels) | - banker enter |
| Spawn angel (in some levels) | - angel enter |
| Spawn gangster (in some levels) | - gangster enter |
| Spawn thief (in some levels) | - thief enter |
| Spawn merchant (in some levels) | - merchant enter |
| Toggle mission | - run mission |
| Log scenario | - scenario check |
| Increase PR rating | - pr up |
| Decrease PR rating | - pr down |
| Stop time | - time stop |
| Restore time | - time default |
| Set time multiplier; smaller values are faster | - time <number> |
| Get indicated amount of money | - money <number> |
| Able to make up to level 5 projects | - level up |